গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০

স্মারক নং: ২৬.০৩.০০০০.০০০.০০২.৩১.০০০১.২১.৩৯০৫ তারিখ: ১৫ জুন ২০২৫

# শোকবার্তা

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের গাড়িচালক মোঃ রকিব সরদার এর অকাল ও মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছি।

মোঃ রকিব সরদার, পিতা: মোঃ হোসেন সরদার, গ্রাম: বেলুহার, ডাকঘর: বারহাজার, থানা: আগৈলঝড়া, জেলা: বরিশাল এ অধিদপ্তরে গাড়িচালক পদে প্রায় ১৭ বছর যাবৎ নিষ্ঠা, সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে আসছিলেন। তিনি ছিলেন সময়নিষ্ঠ, বিনয়ী, সদালাপী এবং সদা হাস্যোজ্জ্বল একজন সহকর্মী। তাঁর নিজের ড্রাইভিংয়ের অধীনে কখনো কোনো দুর্ঘটনা ঘটেনি, যা তাঁর পেশাগত সচেতনতা ও দায়িত্ববোধের অনন্য দৃষ্টান্ত।

দুর্ভাগ্যজনকভাবে, মোঃ রকিব সরদার গত ১৩ জুন ২০২৫ তারিখে ঈদ-উল-আজহার ছুটি শেষে স্বপরিবারে কর্মস্থলে ফেরার পথে আনুমানিক রাত ১০.৩০ টায় পদ্মা সেতুর ২য় পিলারের নিকট তাঁদের বহনকৃত ইমাদ পরিবহণের বাসটি অন্য একটি কেমিক্যালবাহী ট্রাককে পেছন থেকে ধাক্কা দিলে ভয়াবহ দূর্ঘটনা ঘটে। এতে তিনি গুরুতর আহত হন এবং তার পরিবারের অন্যান্য সদস্যগণও আঘাতপ্রাপ্ত হন। পরবর্তীতে মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

এ অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় অধিদপ্তর একজন বিশ্বস্ত, অভিজ্ঞ ও সজ্জন সহকর্মীকে হারালো, যার অভাব পূরণ হবার নয়। তাঁর এ অকাল প্রয়াণে সহকর্মীবৃন্দসহ গোটা অধিদপ্তর গভীরভাবে শোকাহত।

আমরা মরহুম মোঃ রকিব সরদার এর বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং মহান আল্লাহর দরবারে প্রার্থনা করছি, তিনি যেন তাঁকে জান্নাতুল ফেরদৌসে স্থান দান করেন। একইসঙ্গে, আমরা তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

১৫/০৬/২০২৫

ড. নাজনীন কাউসার চৌধুরী
প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।